মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ টিচার্স ট্রেনিং কলেজ ক্যাম্পাস, ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/নেত্র/কলেজ/২০১৮/ ৫৩৩৬ তারিখ ঃ 16.09.18

বিষয় : বেসরকারি কলেজ স্থাপনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং -৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.৯৯ তারিখ : ০৩/০৪/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলাধীন (প্রস্তাবিত) **"অধ্যাপক আবু তাহের খান কলেজ"** স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে।

এমতাবস্থায় (প্রস্তাবিত) **"অধ্যাপক আবু তাহের খান কলেজ"** স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরবর্তী সদয় নির্দেশনার জন্য পরিদর্শন প্রতিবেদনটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১৬.৯.১৮

প্রফেসর ড. গাজী হাসান কামাল
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

16.09.18

সংযুক্তি : পরিদর্শন প্রতিবেদন

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

কলেজ স্থাপনের জন্য

পরিদর্শন ছক

কলেজের নাম (প্রস্তাবিত) ঃ অধ্যাপক আবু তাহের খান কলেজ

ঠিকানা ঃ গ্রাম-বেলতলী, ডাকঘর-বিষমপুর, উপজেলা-কলমাকান্দা, জেলা-নেত্রকোণা।

পরিদর্শনের তারিখ ঃ ১১/০৮/২০১৮ খ্রিঃ

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিষয়</th><th>নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ</th><th>কলেজের বর্তমান অবস্থার বর্ণনা</th><th>শর্তপূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত</th></tr>
<tr><td>১.</td><td>প্রস্তাবিত কলেজের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল)</td><td>মফস্বল এলাকা</td><td>অধ্যাপক আবু তাহের খান কলেজ, গ্রাম-বেলতলী, ডাকঘর-বিষমপুর, উপজেলা-কলমাকান্দা, জেলা-নেত্রকোণা।</td><td>শর্ত পূরণকৃত</td></tr>
<tr><td>২.</td><td>কলেজের চতুর্দিকে বিদ্যমান নিকটতম কলেজ সমূহের নাম ও দূরত্ব</td><td colspan="2"><table>
<tr><th>দিক</th><th>কলেজের নাম ও ঠিকানা</th><th>প্রস্তাবিত কলেজের অবস্থান হতে দূরত্ব</th></tr>
<tr><td>পূর্ব</td><td>মধ্যনগর বি.পি. স্কুল এন্ড কলেজ, উপজেলা-ধর্মপাশা, জেলা-সুনামগঞ্জ।</td><td>৩০ কি.মি.</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>পূর্বধলা ডিগ্রি কলেজ, উপজেলা-সদর, জেলা-নেত্রকোণা।</td><td>২০ কি.মি.</td></tr>
<tr><td>উত্তর</td><td>আব্দুল জব্বার আনসারী মেমোরিয়াল কলেজ, উপজেলা-কলমাকান্দা, জেলা-নেত্রকোণা।</td><td>১৫ কি.মি.</td></tr>
<tr><td>দক্ষিণ</td><td>ফকির আশরাফ কলেজ, উপজেলা-বারহাট্টা, জেলা-নেত্রকোণা।</td><td>০৮ কি.মি.</td></tr>
</table></td><td>শর্ত পূরণকৃত</td></tr>
<tr><td>৩.</td><td>প্রস্তাবিত থানা/উপজেলার মোট জনসংখ্যা</td><td colspan="2">২০১১ সালের আদমশুমারী অনুযায়ী ২,৭১,৯১২ জন।</td><td>শর্ত পূরণকৃত</td></tr>
<tr><td>৪.</td><td>প্রস্তাবিত থানা/উপজেলায় বিদ্যমান কলেজের সংখ্যা ও নাম</td><td colspan="2">কলমাকান্দা উপজেলায় মোট কলেজের সংখ্যা ০২টি
১। কলমাকান্দা সরকারি ডিগ্রি কলেজ
২। আব্দুল জব্বার আনসারী মেমোরিয়াল কলেজ</td><td>শর্ত পূরণকৃত</td></tr>
<tr><td>৫.</td><td>প্রস্তাবিত কলেজের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা</td><td colspan="2">মাধ্যমিক বিদ্যালয় ০৮ টি,
মাদ্রাসা ০৪ টি</td><td>শর্ত পূরণকৃত</td></tr>
<tr><td>৬.</td><td>জনসংখ্যা অনুযায়ী নতুন কলেজের প্রাপ্যতা রয়েছে কিনা?</td><td colspan="2">প্রাপ্যতা আছে</td><td>শর্ত পূরণকৃত</td></tr>
<tr><td>৭.</td><td>সম্ভাব্য জমির পরিমাপ (শতাংশ)</td><td colspan="2">১০০ শতাংশ</td><td>শর্ত পূরণকৃত</td></tr>
</table>

৮.	উদ্যোক্তা/উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান	১) জনাব মোঃ আবু তাহের খান নেত্রকোণা সরকারি কলেজে গণিত বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে কর্মরত আছেন এবং নিজস্ব অর্থায়নে অধ্যাপক আবু তাহের খান কলেজের অবকাঠামো নির্মাণের কাজ সম্পন্ন করেছেন। তিনি নিজ এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানের অনুদান দাতা। তিনি নিজ এলাকায় পল্লী বিদ্যুতায়ন এবং রাস্তাঘাট নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তিনি তার বাবা-মায়ের নামে প্রতিষ্ঠিত "রাবেয়া ইমাম ওয়েলফেয়ার ট্রাস্ট"-এর মাধ্যমে গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সহায়তা প্রদান এবং বিভিন্ন সমাজসেবা মূলক কর্মকান্ডের সাথে জড়িত। তিনি দক্ষিণ কান্দাপাড়া জামে মসজিদ ভবন সম্প্রসারণ, ঈদগাহ মাঠ পাকাকরণ এবং ঈদগাহ মাঠে মিম্বর নির্মাণে ব্যক্তিগত অনুদান দাতা। বর্তমানে তিনি নিজ গ্রামে অবস্থিত দক্ষিণ কান্দাপাড়া জামে মসজিদ কমিটির সভাপতি। ২) হাজী মোঃ জমির উদ্দিন কলমাকান্দা উপজেলা আওয়ামী লীগ-এর একজন সম্মানীত সদস্য। তিনি অধ্যাপক আবু তাহের খান কলেজকে এক একর জমি দান করেছেন। তিনি সিধলী বানিয়াপাড়া পাবলিক উচ্চ বিদ্যালয় ও মিতালী বালিকা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি। তিনি নিজ গ্রামে প্রতিষ্ঠিত খাদিজাতুল কুবরা (রহঃ) মহিলা মাদ্রাসার প্রতিষ্ঠাতা সভাপতি এবং সিধলী বাজার জামে মসজিদ কমিটির সভাপতি। এছাড়াও তিনি এলাকার বিভিন্ন সমাজসেবামূলক কর্মকান্ডের সাথে জড়িত।	শর্ত পূরণকৃত
৯.	প্রস্তাবিত এলাকায় কলেজ স্থাপনের যৌক্তিকতা	প্রস্তাবিত এলাকাটি সীমান্তবর্তী অনগ্রসর এলাকা। এখানে দরিদ্র জনগোষ্ঠীর বসবাস। শিক্ষা ও আর্থসামাজিকভাবে এলাকাটি পিছিয়ে আছে। প্রস্তাবিত এলাকায় কোন কলেজ না থানায় দরিদ্র পরিবারের সন্তানরা বিশেষকরে নারীরা উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারছে না। যার ফলে অত্র এলাকার উচ্চ শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। সুতরাং প্রস্তাবিত এলাকার কলেজটি স্থাপনের সুনির্দিষ্ট ও শক্তিশালী যৌক্তিকতা রয়েছে।	শর্ত পূরণকৃত
১০.	কলেজ স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান	কলেজের প্রতিষ্ঠাতা হাজী মোঃ জমির উদ্দিন একজন ধনাঢ্য ও দানশীল ব্যক্তি। তিনি কলেজকে এক একর জমি সাফ কাওলা দলিলমূলে প্রদান করেছেন। নেত্রকোণা সরকারি কলেজের গণিত বিভাগের বিভাগীয় প্রধান মোঃ আবু তাহের খান সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে কলেজটির অবকাঠামো নির্মাণের কাজ ইতোমধ্যে সম্পন্ন করেছেন। এছাড়া অত্র এলাকার বিভিন্ন দানশীল ব্যক্তিবর্গ আর্থিক সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন।	শর্ত পূরণকৃত

১১. পরিদর্শনকারীর সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.৯৯; তারিখ-০৩/০৪/২০১৮ খ্রিঃ এর নির্দেশক্রমে নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলাধীন প্রস্তাবিত অধ্যাপক আবু তাহের খান কলেজ স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রস্তাবিত প্রতিষ্ঠানটি স্থাপনের অনুমতির লক্ষ্যে প্রতিষ্ঠানটির নিজস্ব জমি, ভবন, দূরত্ব, জনসংখ্যার শর্তসমূহ পূরণ করতে সমর্থ হয়েছে। বর্তমান কলেজটি কলমাকান্দা উপজেলার সীমান্তবর্তী এলাকায় অবস্থিত। এলাকার জনগণ বর্তমানে দারিদ্র সীমার নিচে বসবাস করছে। বর্তমান সরকারের নারী শিক্ষার বিস্তার ও বিকাশের লক্ষ্যে কলেজটি স্থাপনের যথেষ্ট যৌক্তিকতা রয়েছে।

এমতাবস্থায় বর্ণিত কলেজটি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন উপস্থাপন করা হলো।

পরিদর্শন কর্মকর্তা

Sk. Md. Habibur Rahman(2082)
BCS (General Education)
Inspector of Colleges
Board of Intermediate & Secondary Education
Mymensingh